কোটচাঁদপুরে সঙ্গীত গুরু অজয় দাশকে সম্মাননা প্রদান

ঝিনাইদহের কোটচাঁদপুরে বাংলাদেশ বেতার ও বাংলাদেশ টেলিভিশনের স্বনামধন্য সংগীত শিল্পী ও সঙ্গীত গুরু অজয় দাশের সম্মাননা প্রদান ও সাংস্কৃতিক সন্ধ্যা অনুষ্ঠিত হয়েছে।

শনিবার সন্ধ্যায় কোটচাঁদপুর পৌর শিল্পকলা একাডেমীর আয়োজনে স্থানীয় মুক্তিযোদ্ধা কমপ্লেক্স মিলনায়তনে প্রখ্যাত এ সঙ্গীত গুরুর সম্মাননা প্রদান ও সাংস্কৃতিক সন্ধ্যা অনুষ্ঠিত হয়। পৌর শিল্পকলা একাডেমীর সভাপতি ও পৌর মেয়র সহিদুজ্জমান সেলিমের সভাপতিত্বে সম্মাননা প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, উপজেলা নির্বাহী অফিসার মোঃ দেলোয়ার হোসেন।

প্রগতিশীল নাগরিক সমাজের সাধারণ সম্পাদক শরিফুজ্জামান আগা খানের সঞ্চালনায় অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, পৌর শিল্পকলা একাডেমীর উদ্যোক্তা ইন্সপেক্টর ইমরান আলম, একাডেমীর সাধারণ সম্পাদক মাসুদ রানা, কিংশুক সম্পদক জিয়ারুল হোসন, মিতালী সাহিত্য সংসদের প্রতিষ্ঠাতা পরিচালক মিতুল সাইফ, কবি আক্তারুজ্জাম রকিব, তবলা বাদক মনির প্রমূখ।

পরে সাংস্কৃতিক সন্ধ্যায় সংগীত পরিবেশন করেন, গুরু অজয় দাশ, শিল্পি অর্থি, নিধি, বলয়, বিপ্লব বিশ্বাস, সমিত্র, অহনা বিশ্বাস ও হাসান। অনুষ্ঠানে নৃত্য পরিবেশন করেন নৃত্য শিল্পি সবুজ হোসেন ও তার দল।

ঝিনাইদহে খাদ্য ভিত্তিক পুষ্টি বিষয়ে প্রশিক্ষক প্রশিক্ষণ

শুরু

ঝিনাইদহে ৩ দিন ব্যাপী খাদ্য ভিত্তিক পুষ্টি (ফলিত পুষ্টি) বিষয়ক প্রশিক্ষক প্রশিক্ষণ কর্মশালা শুরু হয়েছে। শনিবার সকালে সদর উপজেলার মধুপুর বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান)’র খুলনা বিভাগীয় আঞ্চলিক কেন্দ্রের সম্মেলন কক্ষে এ কর্মশালা শুরু হয়।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে কর্মশালার উদ্বোধন করেন বারটান’র নির্বাহী পরিচালক অতিরিক্ত সচিব আব্দুল ওয়াদুদ। উর্দ্ধতন বৈজ্ঞানিক কর্মকর্তা ও আঞ্চলিক প্রধান কৃষিবিদ ড. মোঃ নুর আলম সিদ্দিকী’র সভাপতিত্বে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন, প্রশিক্ষক ফাহমিদা খাতুন, বারটানের বৈজ্ঞানিক কর্মকর্তা সোনিয়া শারমিন, সহকারী বৈজ্ঞানিক কর্মকর্তা শহিদুল ইসলামসহ অন্যান্যরা। ৩ দিনব্যাপী কর্মশালায় প্রশিক্ষণ কর্মশালায় কৃষি কর্মকর্তা, শিক্ষক, ইমাম, পুরোহিত, এনজিও কর্মীসহ ২ ব্যাচে ৬০ জন প্রশিক্ষক প্রশিক্ষণ গ্রহণ করবেন।

গাংনীর কাথুলী ইউপি চেয়ারম্যান প্রার্থী মিজানুর রহমান রানা’র মনোনয়ন পত্র জমা

আগামী ১১ ই নভেম্বর অনুষ্ঠিতব্য মেহেরপুরের গাংনীর কাথুলী ইউনিয়ন পরিষদ নির্বাচন উপলক্ষে মনোনয়ন পত্র জমা দিয়েছেন বর্তমান চেয়ারম্যান ও জেলা আওয়ামীলীগের ত্রাণ ও সমাজকল্যাণ বিষয়ক সম্পাদক মোঃ মিজানুর রহমান রানা। শনিবার দুপুর ২ টায় গাংনী উপজেলা নির্বাচন অফিসার ও রিটার্নিং কর্মকর্তা মোঃ আব্দুল আজিজের কাছে মনোনয়ন পত্র জমা দেন।
মনোনয়ন পত্র জমাদান শেষে তিনি সাংবাদিকদের বলেন, অতীতের মতো ভবিষ্যতেও উন্নয়নের ধারা অব্যাহত রাখতে ও এলাকাবাসী প্রত্যাশার কারণে চেয়ারম্যান প্রার্থী হয়েছেন।

তিনি চেয়ারম্যান নির্বাচিত হলে কাথুলী ইউনিয়নের চলমান কাজ শেষ করবেন বলে আশা প্রকাশ করে ভোটার কর্মী সমর্থকদের দোয়া ও সমর্থন কামনা করেন।

মন্দিরে হামলা-ভাংচুরের প্রতিবাদে ঝিনাইদহে মানববন্ধন

কুমিল্লা, হাতিয়া, চাঁদপুরসহ দেশের বিভিন্ন স্থানে মন্দিরে হামলা-ভাংচুর ও সাম্প্রদায়িক উস্কানির প্রতিবাদে ঝিনাইদহে মানববন্ধন কর্মসূচী পালিত হয়েছে।

শনিবার সকালে শহরের পায়রা চত্বরে এ কর্মসূচীর আয়োজন করে জেলা বাম গণতান্ত্রিক জোট। এতে ব্যানার ফেস্টুন নিয়ে জোটের নেতৃবৃন্দসহ বিভিন্ন সংগঠনের নেতাকর্মীরা অংশ নেয়। এসময় বক্তব্য রাখেন জেলা কমিউনিস্ট পার্টির সভাপতি রবিউল আলম খোকন বাসদের সমন্বয়ক এ্যাড, আসাদুল ইসলাম আসাদ, বাংলাদেশের ওর্য়াকাস পার্টির সাধারন সম্পাদক সাহিদুল এনাম পল্লব, বাংলাদেশের কমিউনিস্ট পার্টির সাধারন সম্পাদক স্বপন কুমার বাগচী, বাংলাদেশ নারী মুক্তি পরিষদের আহবায়ক স্বপ্না সুলতানা প্রমুখ। মানববন্ধনে বক্তারা বলেন, বর্তমানে মন্দির ভাংচুর করে যারা ধর্মের নামে বিশৃঙ্খলা করছে তাদের শনাক্ত করে দৃষ্টান্তমুলক শাস্তি দিতে হবে। সেই সাথে এর উস্কানীদাতা ও ষড়যন্ত্রকারীদের চিহ্নিত করে আইনের আওতায় আনতে হবে। বক্তারা মুক্তিযুদ্ধের চেতনায় ৭২’র সংবিধানের ফিরে যাওয়া আহ্বান জানান।

ঝিনাইদহে বিশ্ব খাদ্য দিবস পালিত

‘আমাদের কর্মই আমাদের ভবিষ্যৎ ভালো উৎপাদনে ভালো পুষ্টি, আর ভালো পরিবেশেই উন্নত জীবন’ এ প্রতিপাদ্যকে সামনে রেখে ঝিনাইদহে বিশ্ব খাদ্য দিবস পালিত হয়েছে।
জেলা প্রশাসনের আয়োজনে শনিবার সকালে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে আলোচনা সভার আয়োজন করা হয়। এসময় অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) সেলিম রেজা, জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অতিরিক্ত উপ-পরিচালক আলী জিন্নাহ, সদর উপজেলা কৃষি কর্মকর্তা জাহিদুল করিম, কৃষি সম্প্রসারণ কর্মকর্তা জুনাইদ হাবীবসহ অন্যান্যরা বক্তব্য রাখেন। এসময় বক্তারা, উন্নত, সুখী ও সমৃদ্ধিশালী দেশ গড়তে স্বাস্থ্য সম্মত ও নিরাপদ খাদ্য উৎপাদনের জন্য সকলের প্রতি আহ্বান জানান।
এর আগে দিবস উপলক্ষে কালেক্টরেট চত্বর থেকে একটি র্যালী বেরা করা হয়। র্যালীটি বিভিন্ন স্থান প্রদক্ষিন করে একই স্থানে এসে শেষ হয়।

বরাদ্দ না পাওয়ার উন্নয়ন হয়নি ৪নং ওয়ার্ডের (ভিডিও সহ)

মেহেরপুর পৌরসভাটি প্রথম শ্রেণীর পৌরসভা কিন্তু ৪ নং ওয়ার্ডের বিভিন্ন এলাকার নাগরিক সেবা তৃতীয় শ্রেণীর মতন এমন অভিযোগ এলাকাবাসীর। বাসিন্দারা নাগরিক অনেক সুযোগ সুবিধা থেকে বঞ্চিত।

নির্বাচনের সময় নানা ধরণের প্রতিশ্রুতি দিলেও বাস্তবায়ন হয়নি কোনকিছুই। নিজেদের সুবিধা অসুবিধা জানানোর লোক নেই। অনেকের

ওয়ার্ডের উন্নয়ন চিত্র-
এলাকার উন্নয়নের মধ্যে নতুনপাড়া কবরস্থান রোড ফ্লাট সোলিং। মাঠপাড়া পিয়রুলের বাড়ি থেকে নেঙ্গু ফকিরের বাড়ি পর্যন্ত ফ্লাট সোলিং। আক্তারুলের বাড়ি থেকে মহাসিন ফকিরের বাড়ি পর্যন্ত ফ্লাট সোলিং। মহাসিন ফকিরের বাড়ি থেকে হাবলুর বাড়ি পর্যন্ত ফ্লাট সোলিং। রবুর বাড়ি হতে বাবুর বাড়ি পর্যন্ত ফ্লাট সোলিং। মালেকের বাড়ি হতে নুর মহাম্মদের বাড়ি পর্যন্ত ফ্লাট সোলিং।

মেহেরপুর পৌরসভার ৪নং ওয়ার্ড কাউন্সিলর কাউন্সিলর মোঃ শাকিল রাব্বী বলেন, বরাদ্দ না পাওয়ার কারণে আমার ওয়ার্ডে কোন উন্নয়নমূলক কাজ আমি করতে পারিনি। কিছু টিআর প্রকল্প পেয়েছিলাম তা দিয়ে এলাকার কিছু কাজ করেছি। আমি কোন উন্নয়ন করতে পারিনি।

চুয়াডাঙ্গায় বিসর্জনের মধ্য দিয়ে শেষ হলো হিন্দুর সম্প্রদায়ের সবচেয়ে বড় উৎসব দুর্গাপূজা

বিসর্জনের মধ্য দিয়ে শেষ হলো হিন্দুর সম্প্রদায়ের সবচেয়ে বড় উৎসব দুর্গাপূজা। শুক্রবার বিকাল ৪টার দিকে চুয়াডাঙ্গা মাথাভাঙ্গা নদীতে চুয়াডাঙ্গা পূজা কমিটির প্রতিমা বিসর্জনের মধ্য দিয়ে চুয়াডাঙ্গায় দেবীকে বিদায় জানানোর আনুষ্ঠানিকতা শুরু হয়।

ষষ্ঠী তিথিতে ‘আনন্দময়ীর’ আগমনে এ উৎসবের সূচনা হয়। দশমী তিথিতে প্রতিমা বিসর্জনের মধ্য দিয়ে তা শেষ হলো। দেবী দুর্গা এবার ঘোড়ায় চড়ে এসেছেন। গিয়েছেন পালকি চড়ে।

চুয়াডাঙ্গা বড় বাজার সংলগ্ন বড় মন্দিরের প্রধান পুরোহিত সাংবাদিকদের বলেন, মহিষাসুর বধ করার মধ্য দিয়ে শুক্রবার বিজয়ী

হয়েছেন দুর্গা মা। সে কারণেই আমাদের আনন্দের দিন, আমরা উৎসব করি। জাতি, ধর্ম বর্ণ নির্বিশেষ সবাইকে বিজয়ার শুভেচ্ছা জানাই।

চুয়াডাঙ্গা সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মোহাম্মদ মহসীন পিপিএম (বার) বলেন,প্রতিমা বিসর্জন সুষ্ঠুভাবে সম্পন্ন করতে সব ধরনের নিরাপত্তা ব্যবস্থা নেওয়া হয়েছে। পুলিশের পাশাপাশি র্যাব সদস্যরাও দায়িত্ব পালন করছেন।

চুয়াডাঙ্গা মাথাভাঙ্গা নদীর তীরে আসার পর ভক্তরা শেষবারের মতো ধূপধুনো নিয়ে আরতিতে মেতে ওঠেন। শেষে পুরোহিতের মন্ত্রপাঠের মধ্য দিয়ে দেবীকে বিসর্জন দেওয়া হয়।

চেয়ারম্যান পদপ্রার্থী আরমান আলীর মটরসাইকেল শোভাযাত্রায় জনতার ঢল

ইউপি নির্বাচনের হওয়া চলছে। দলীয় নেতা-কর্মীরাও চাঙ্গা হয়ে উঠেছেন। অনেকেই আগাম প্রচার-প্রচারণায় নেমেছেন। কেন্দ্রীয় নেতাদের সাথেও নিয়মিত লবিং চালিয়ে আসছেন নেতারা। যেকোন মূল্যে মনোয়ন পেতে চেষ্টা করছেন দলটির বিভিন্ন পর্যায়ের নেতারা।

সেক্ষেত্রে মেহেরপুর সদর উপজেলা নবগঠিত বারাদি ইউনিয়ন পরিষদ নির্বাচনে দলীয় মনোয়ন পেতে জোর প্রচেষ্টা চালাচ্ছেন আরমান আলী। একে বারে তৃনমূল থেকে ওঠে আসা এ নেতার জনপ্রিয়তা রয়েছে ছাত্র ও যুব সমাজের মাঝে।

তিনি ১৯৭৩ সাল থেকে আওয়ামীলীগের একজন নিঃস্বার্থ কর্মী। তিনি ১৯৯৩ সাল হতে ২০১৬ থেকে বর্তমান তিনি ইউপি সদস্যর দায়িত্ব পালন করে আসছেন।

শুক্রবার বিকাল ৪ টার দিকে বারাদি ইউনিয়নের সর্বস্তরের মানুষ ও কয়েক হাজার নেতাকর্মী নিয়ে মোটর সাইকেল শোভাযাত্রা বের হয়। মোটরসাইকেল শোভাযাত্রাটি রাজনগর স্কুল মাঠ থেকে শুরু করে

বারাদি, মোমিনপুর, কলাইডাঙ্গা, চৌগাছা, পাটকেলপোতা, দরবেশপুর, সিংহাটি, বর্শিবাড়িয়া, হাসনাবাদ, যুগিন্দাসহ ১৯ টি গ্রাম প্রদক্ষিণ শেষে একই স্থানে গিয়ে শেষ হয়।

মেহেরপুর সদর নবগঠিত বারাদি ইউনিয়ন আওয়ামী লীগের নেতাকর্মী ও সাধারণ মানুষের কাছে ঐক্যের প্রতিক সদর উপজেলা আওয়ামী লীগের সদস্য ইউপি চেয়ারম্যান পদপ্রার্থী আরমান আলী সবার কাছে অধিক জনপ্রিয়। সদর উপজেলা বারাদি ইউনিয়ন পরিষদ নির্বাচনে চেয়ারম্যান পদে শক্ত প্রার্থী হিসেবে আলোচনায় আছেন তিনি।

তিনি সদর উপজেলা আওয়ামী লীগের সদস্য ও ইউনিয়ন আওয়ামী লীগের ধর্ম বিষয়ক সম্পাদক পদেসহ তিন বারের ইউপি সদস্যর হিসেবে দায়িত্ব পালন করছেন। নবগঠিত বারাদি ইউনিয়নের চেয়ারম্যান পদপ্রার্থী হিসেবে মনোনয়ন প্রত্যাশী আরমান আলী সকলের নিকট দোয়া কামনা করেছেন।

চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের ১৪৩০ তম পদধ্বনি অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদ চত্বরে শহীদ আলাউল হলে সামাজিক দূরত্ব বজায় রেখে ও স্বাস্থ্যবিধি মেনে সাপ্তাহিক সাহিত্য আসর ‘পদধ্বনি’ অনুষ্ঠিত হয়েছে।

শুক্রবার সাড়ে পাঁচ টার সময় চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সভাপতি কবি নজমুল হেলালের সভাপতিত্বে চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সাধারণ সম্পাদক নজির আহমেদ সূচনা বক্তব্য দেন। নজির আহমেদের প্রাণবন্ত সঞ্চালনায় স্বরচিত লেখা পাঠ করেন আবু নাসিফ খলিল, হারুন-অর রশিদ, আশিকুজ্জামান আসাদ, আনছার আলী,গোলাম কবীর মুকুল, অমিতাভ মীর,হোসেন মোহাম্মদ ফারুক, সুমন ইকবাল, কবি নজমুল হেলাল ও এ্যালবার্ড বিশ্বাস। চিরায়ত সাহিত্য থেকে কবিতা আবৃত্তি করেন সহয়োগী অধ্যাপক মুন্সি আবু সাইফ, নজির আহমেদ ও এ্যাড. বজলুর রহমান ।

পঠিত লেখার উপর আলোচনা করেন চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের অন্যতম

উপদেষ্টা সহয়োগী অধ্যাপক মুন্সি আবু সাইফ, গোলাম কবীর মুকুল,অমিতাভ মীর ও এ্যাড বজলুর রহমান । এছাড়াও এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ডাঃ হেদায়েত উল্লাহ ও আসাদুজ্জামান।

চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সভাপতি কবি নজমুল হেলাল তার সমাপনী বক্তব্যে চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদকে সার্বিকভাবে সহযোগিতা করায় চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোঃ নজরুল ইসলাম সরকারকে বিশেষভাবে অভিনন্দন জ্ঞাপন করেন এবং উপস্থিত সকলকে অভিনন্দন জানিয়ে অনুষ্ঠান শেষ করেন।

মেহেরপুরে প্রতিমা বিসর্জনের মধ্য দিয়ে শেষ হলো দুর্গাপূজা

বিজয়া দশমী ও প্রতিমা বিসর্জনের মধ্যদিয়ে সনাতন ধর্মাবলম্বীদের সর্ববৃহৎ ধর্মীয় উৎসব ‘শারদীয় দুর্গাপূজা’ শেষ হলো।
চন্ডীপাঠ, বোধন ও অধিবাসের মধ্যদিয়ে ষষ্ঠী তিথিতে ‘আনন্দময়ীর’ আগমনে গত ১১ অক্টোবর থেকে দেশের হিন্দু সম্প্রদায়ের সবচেয়ে বড় ধর্মীয় উৎসব শারদীয় দুর্গোৎসবের শুরু হয়।

পরবর্তী ৫দিন মেহেরপুর শহরসহ জেলার বিভিন্ন পূজামন্ডপগুলোতে পূজা-অর্চণার মধ্যদিয়ে ভক্তরা দেবী দূর্গার প্রতি শ্রদ্ধার্ঘ্য নিবেদন করেন। দশমী তিথিতে প্রতিমা বিসর্জনের মধ্য দিয়ে তা শেষ হলো। এবার দেবী দুর্গা এবার ঘোড়ায় চড়ে এসেছেন, গিয়েছেন পালকিতে চড়ে।

শুক্রবার বিকালের দিকে মেহেরপুর ভৈরব নদ সহ জেলার বিভিন্ন এলাকায় প্রতিমা বিসর্জন দেওয়া হয়। মেহেরপুর শহরের পাঁচটি পূজা মন্দির সহ মেহেরপুর জেলার ৪২ টি পূজা মন্ডপ স্ব-স্ব এলাকায় প্রদক্ষিণ শেষে প্রতিমা বিসর্জন দেয়া হয়।

এর আগে হিন্দু ধর্মাবলিরা রং মেখে উলুধ্বনি দিয়ে প্রতিমা বিসর্জন অংশগ্রহণ করেন। এর মধ্যদিয়ে শেষ হয় সনাতন ধর্মাবলম্বীদের প্রধান ধর্মীয় উৎসব।

সনাতন ধর্মের বিশ্বাস অনুযায়ী, বিসর্জনের মধ্য দিয়ে দেবী ফিরে গেলেন স্বর্গলোকের কৈলাসে স্বামীর ঘরে। পরের বছর শরতে আবার তিনি আসবেন এই ধরণীতে যা তার বাবার গৃহ। প্রতিমা বিসর্জন সুষ্ঠুভাবে সম্পন্ন করতে সব ধরণের নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী।